গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে প্রস্তাবিত আয়কর খাতের উল্লেখযোগ্য সংস্কার

২০১৮-১৯ অর্থ বছরের লক্ষ্যমাত্রা

- প্রত্যক্ষ করের ক্ষেত্রে ২০১৭-১৮ অর্থ বছরে সংশোধিত লক্ষ্যমাত্রা ৭৮,০০০/- কোটি টাকা;
- ২০১৮-১৯ অর্থ বছরে লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে ১,০২,২০১/- কোটি টাকা;
- ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় আগামী ২০১৮-১৯ অর্থ বছরে প্রবৃদ্ধি ধরা হয়েছে ৩১ শতাংশ।

আইনী সংস্কারের প্রস্তাব

ব্যক্তি করদাতা এবং কোম্পানি ব্যতীত অন্যান্য শ্রেণির করদাতার জন্য করমুক্ত সীমা ও করহার

- করমুক্ত আয়ের বিদ্যমান সীমা অপরিবর্তিত রাখা। তবে, প্রতিবন্ধী সন্তান বা পোষ্য রয়েছে এমন পিতামাতা বা আইনানুগ অভিভাবকের ক্ষেত্রে করমুক্ত সীমা বর্তমানে ২৫,০০০ টাকা বেশি যা বৃদ্ধি করে প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য ৫০,০০০ টাকা করা;
- করহারের বিদ্যমান ধাপসমূহ এবং এলাকা ভিত্তিক ন্যূনতম করের বিদ্যমান হার অপরিবর্তিত রাখা।

কোম্পানি করহার

- পাবলিকলি ট্রেডেড ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদ্যমান ৪০ শতাংশ করহার হ্রাস করে ৩৭.৫ শতাংশ করা;
- নন-পাবলিকলি ট্রেডেড ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদ্যমান ৪২.৫ শতাংশ করহার হ্রাস করে ৪০ শতাংশ করা;
- অন্যান্য কোম্পানি করদাতার বিদ্যমান করহার অপরিবর্তিত রাখা।

সারচার্জ

- ব্যক্তি-করদাতার সারচার্জ:
  (ক) যে সকল করদাতার নিজ নামে দুই বা তার অধিক সংখ্যক মোটরগাড়ির মালিকানা রয়েছে, অথবা কোন সিটি কর্পোরেশন এলাকায় নিজ নামে মোট ৮,০০০ বর্গফুট বা তার অধিক আয়তনের গৃহসম্পত্তির মালিকানা রয়েছে সে সকল ব্যক্তি-করদাতাকে সারচার্জ এর আওতায় আনা;

  (খ) ন্যূনতম সারচার্জের বিদ্যমান একক ধাপ পরিবর্তন করে দুইটি ধাপ করা; নীট পরিসম্পদের পরিমাণ ১০ কোটি টাকা পর্যন্ত হলে ন্যূনতম সারচার্জ ৩,০০০ টাকা এবং ১০ কোটি টাকা অতিক্রম করলে ন্যূনতম সারচার্জ ৫,০০০ টাকা করা;

- সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর বিদ্যমান ২.৫% হারে সারচার্জ আরোপের বিধান অপরিবর্তিত রাখা।

  <u>[আয়কর হার ও সারচার্জের হারের জন্য পরিশিষ্ট অংশ দ্রষ্টব্য]</u>

প্রবৃদ্ধি ও ব্যবসায় সহায়তা এবং ব্যবসা পরিচালনা সহজীকরণ

- নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস উৎপাদন ও রপ্তানিতে নিয়োজিত করদাতার উক্ত পণ্য রপ্তানি হতে উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর হার ১৫ শতাংশ নির্ধারণ করা। তবে এরূপ প্রতিষ্ঠান পাবলিকলি ট্রেডেড কোম্পানি হলে করহার হবে ১২.৫ শতাংশ।

- করারোপিত ডিভিডেন্ড (taxed dividend) আয় শেয়ারহোল্ডিং নিবাসী কোম্পানির নিকট বণ্টিত হলে তার উপর কর অব্যাহতি প্রদান ও উৎস কর আরোপ না করা;

- পারকুইজিট হিসেবে অনুমোদনযোগ্য খরচের সীমা বর্তমান ৪ লক্ষ ৭৫ হাজার টাকা হতে বৃদ্ধি করে ৫ লক্ষ ৫০ হাজার টাকা করা;

- অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী কন্টেইনার (মাল্টি পারপাস) এর আয়কে অনুমিত আয়করের আওতায় আনা (বর্তমানে নৌযান, কার্গো, কোস্টার ও ডাম্প বার্জ অনুমিত আয়করের আওতাভুক্ত);

সামাজিক দায়িত্ব

- Day Care Home এবং প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনা হতে উদ্ভূত আয়কে কর অব্যাহতি প্রদান করা;

- কোন চিকিৎসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের চলাচল/সেবা গ্রহণের জন্য বিশেষ সেবা সুবিধা না রাখলে প্রযোজ্য করের ৫ শতাংশ অতিরিক্ত কর আরোপ করা। তবে ২০১৯-২০২০ কর বছর হতে তা কার্যকর হবে;

পরিবেশ

- পরিবেশ দূষণরোধ ও প্রতিবেশগত ভারসাম্য বজায় রাখার স্বার্থে বিগত বছরের মতো এবারেও করনীতিতে পরিবেশ সংরক্ষণের বিষয়টি বিবেচনা করা হয়েছে । এ বিবেচনায় তৈরি পোশাক খাতের যে সকল কোম্পানি-করদাতার কারখানার আন্তর্জাতিকভাবে স্বীকৃত green building certification থাকবে সে সকল কোম্পানির করহার ১২ শতাংশে নির্ধারণ করা;

উৎস কর

- রাইড শেয়ারিং ব্যবস্থার আওতায় রাইডিং সেবা প্রদানের মাধ্যমে মোটর যান মালিকগণ যে অর্থ প্রাপ্ত হন তার উপর উৎস কর আরোপ করা;

- ডিস্ট্রিবিউটর ফাইন্যান্সিং এর আওতায় ডিস্ট্রিবিউটর বা ডিলারের নিকট পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিক্রেতার উপর ১ শতাংশ হারে উৎস কর আরোপ করা;

- অনিবাসী করদাতার নিকট হতে উৎসে কর্তিত করকে করদাতার ন্যূনতম করদায় হিসেবে বিবেচনা করা;

আন্তর্জাতিক সর্বোত্তম চর্চা ও করাধিকার (scope of income)

- ভার্চুয়াল লেনদেনকারী বিদেশি প্রতিষ্ঠান এর বাংলাদেশে অর্জিত আয়কে করের আওতায় আনার লক্ষ্যে কর আইনের প্রয়োজনীয় সংশোধন করা;

- ই-মেইলে নোটিশ জারির ব্যবস্থা প্রবর্তন করা;

- বিভিন্ন দপ্তর ও এজেন্সির নিকট করদাতার যে আর্থিক তথ্য থাকে তা কর বিভাগের সাথে স্বয়ংক্রিয়ভাবে শেয়ার করার বিধান সংযোজন;

পরিপালন, সহজীকরণ ও স্পষ্টীকরণ

- রাইড শেয়ারিং সেবায় মোটরযান প্রদানকারীদের রিটার্ন দাখিল এবং ১২ ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা;

- উৎস করের রিটার্ন দাখিল না করলে, বেতনভোগী কর্মীদের বেতনভাতার বিবরণী দাখিল না করলে বা বেতনভোগী কর্মীদের রিটার্ন দাখিল বিষয়ক তথ্য দাখিল না করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রিটার্ন অডিটের আওতায় আনা;

- কর আইনের বিভিন্ন বিধান পরিপালনের ব্যর্থতায় জরিমানার আওতা সম্প্রসারণ ও জরিমানার পরিমাণ যৌক্তিকীকরণ করা;

- আয়কর আপীল দায়ের সংক্রান্ত বিধান যুগোপযোগী করা;

- দ্বৈত কর পরিহার চুক্তি বাস্তবায়ন এবং আন্তর্জাতিক সংস্থার জন্য প্রযোজ্য আইনের বিধান কার্যকরের সুবিধার্থে অনিবাসী করদাতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কর অব্যাহতি বা হ্রাসকৃত উৎস কর আরোপের সনদ ইস্যু সংক্রান্ত বিধান স্পষ্টীকরণ করা।

কর ব্যবস্থাপনার সংস্কার

- অর্থনৈতিক বিশ্বায়ন ও তথ্য-প্রযুক্তি বিপ্লবের সাথে তাল মিলিয়ে বিশ্বের সর্বাধুনিক কর ব্যবস্থার উপযোগী সকল বিধান সংযোজিত করে একটি নতুন আয়করের খসড়া প্রণীত হচ্ছে। আগামী অর্থ বছরের শুরুতে এটি সংসদে উপস্থাপন করা হবে;

- আয়করের আইনি সংস্কারের সফল বাস্তবায়নের জন্য কর প্রশাসনেরও ব্যাপক সংস্কার করা হবে।

করনীতি উইং
৭ জুন ২০১৮

পরিশিষ্ট

কোম্পানি করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের জন্য করহার

করমুক্ত আয়ের সীমা (টাকায়)

করদাতা	বিদ্যমান	প্রস্তাবিত
সাধারণ করদাতা	২ লাখ ৫০ হাজার	অপরিবর্তিত
মহিলা ও ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতা	৩ লাখ	
প্রতিবন্ধী ব্যক্তি করদাতা	৪ লাখ	
গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা	৪ লাখ ২৫ হাজার	

সাধারণ করহার

মোট আয়	বিদ্যমান	প্রস্তাবিত
প্রথম ২ লাখ ৫০ হাজার টাকা পর্যন্ত মোট আয়ের উপর -	শূন্য	অপরিবর্তিত
পরবর্তী ৪ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের উপর -	১০ শতাংশ	
পরবর্তী ৫ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের উপর -	১৫ শতাংশ	
পরবর্তী ৬ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের উপর -	২০ শতাংশ	
পরবর্তী ৩০ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের উপর-	২৫ শতাংশ	
অবশিষ্ট মোট আয়ের উপর -	৩০ শতাংশ	

বিশেষ করহার

মোট আয়	বিদ্যমান	প্রস্তাবিত
সিগারেট,বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী ব্যবসা হতে অর্জিত আয়	৪৫ শতাংশ	অপরিবর্তিত
বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভুক্ত করদাতার অর্জিত আয়	৩০ শতাংশ	
নিবন্ধিত সমবায় সমিতির অর্জিত আয়	১৫ শতাংশ	

অঞ্চলভিত্তিক ন্যূনতম কর

এলাকা	বিদ্যমান	প্রস্তাবিত
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন , ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-	অপরিবর্তিত
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-	
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-	

কোম্পানি করহার

বিবরণ	বিদ্যমান	প্রস্তাবিত
পাবলিকলি ট্রেডেড কোম্পানি	২৫ শতাংশ	অপরিবর্তিত
নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানি	৩৫ শতাংশ	
মার্চেন্ট ব্যাংক	৩৭.৫ শতাংশ	
পাবলিকলি ট্রেডেড - ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান ও সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান	৪০ শতাংশ	৩৭.৫ শতাংশ
নন-পাবলিকলি ট্রেডেড - ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান	৪২.৫ শতাংশ	৪০ শতাংশ
সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি	৪৫ শতাংশ	অপরিবর্তিত
মোবাইল ফোন অপারেটর কোম্পানি- পাবলিকলি ট্রেডেড হলে নন-পাবলিকলি ট্রেডেড হলে	 ৪০ শতাংশ ৪৫ শতাংশ	
লভ্যাংশ আয়	২০ শতাংশ	

<u>সারচার্জ:</u>

ব্যক্তি করদাতা

<table>
<tr><th colspan="2" rowspan="1">সম্পদ</th><th colspan="2"><u>সারচার্জের হার</u>
(আয়করের শতকরা হারে)</th><th colspan="2">ন্যূনতম সারচার্জ
(টাকা)</th></tr>
<tr><th colspan="2"></th><th>বিদ্যমান</th><th>প্রস্তাবিত</th><th>বিদ্যমান</th><th>প্রস্তাবিত</th></tr>
<tr><td>(ক)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পচিশ লক্ষ টাকা পর্যন্ত-</td><td>শূন্য</td><td>শূন্য</td><td>শূন্য</td><td>শূন্য</td></tr>
<tr><td>(খ)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পচিশ লক্ষ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়;</td><td>১০%</td><td>১০%</td><td rowspan="3">৩,০০০/-</td><td rowspan="3">৩,০০০/-</td></tr>
<tr><td></td><td>করদাতার নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোন সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি</td><td>---</td><td>১০%</td></tr>
<tr><td>(গ)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়-</td><td>১৫%</td><td>১৫%</td></tr>
<tr><td>(ঘ)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়-</td><td>২০%</td><td rowspan="3">অপরিবর্তিত</td><td rowspan="3">৩,০০০/-</td><td rowspan="3">৫,০০০/-</td></tr>
<tr><td>(ঙ)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়-</td><td>২৫%</td></tr>
<tr><td>(চ)</td><td>নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর-</td><td>৩০%</td></tr>
</table>

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী করদাতা

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর বিদ্যমান ২.৫ শতাংশ হারে সারচার্জ বহাল থাকবে।